

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
১ সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং- ০০.০১.২৯০০.৬১৪.০১.০৪১.১৮/

তারিখ-

বিষয় : মামলা (এজাহার) দায়ের প্রসংগে।

সূত্র : (১) দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকার স্মারক নং-০৪.০১.৮২০০.৭০৬.০১.০৩১.১৮-১৭৭৪,  
তাং-১৩/১১/২০১৯ খ্রি:


(২) দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ফরিদপুর এর স্মারক নং-৪৩০৬, তারিখ: ২৮/১০/২০১৯ খ্রি:  
এবং ই/আর নং- ৩৫/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাপ্ত অনুসন্ধান প্রতিবেদন পর্যালোচনাতে নিম্নোক্ত ব্যক্তিগণের বিরুদ্ধে পরস্পর যোগসাজশে অসৎ উদ্দেশ্যে অপরাধ মূলক বিশ্বাস ভঙ্গ, অপরাধ মূলক অসদাচরণ, প্রতারণা, জালিয়াতি ও ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে জাল দলিল সৃজন করে তা নামজারি করার সময় খাঁটি হিসেবে ব্যবহার করে, নামজারীর স্বপক্ষে প্রস্তাব/প্রতিবেদন প্রদান করে ৩৩ শতাংশ সরকারি খাস জমি আত্মসাতের প্রচেষ্টার অপরাধে নিম্নোক্ত ধারায় ০১(এক)টি মামলা (এজাহার) দায়েরের জন্য কমিশন কর্তৃক অনুমোদন দেয়া হয়েছে :

ক্র: নং	নাম পদবী ও ঠিকানা	অপরাধের ধারা
(১)	জনাব মিনোজ সাহা, পিতা-মৃত মধুসূদন সাহা, সাং-শ্রীনগর, উপজেলা- বোয়ালমারী, জেলা-ফরিদপুর।	দলভবিধির ৪০৯/৪২০/৪৬৭ /৪৬৮/৪৭১/১০৯ ধারা
(২)	জনাব গোবিন্দ সাহা, পিতা-মৃত মধুসূদন সাহা, সাং-শ্রীনগর, উপজেলা- বোয়ালমারী, জেলা-ফরিদপুর।	তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।
(৩)	জনাব পলাশ শেখ, ভিপি/নামজারী সহকারী, উপজেলা ভূমি অফিস, বোয়ালমারী, ফরিদপুর, পিতা-আবু বকর শেখ, সাং-ডুমাইন, উপজেলা-মধুখালী, জেলা-ফরিদপুর।	
(৪)	জনাব আব্দুল কুদ্দুছ খান, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা(ভারপ্রাপ্ত), পরমেশ্বরদী ইউনিয়ন ভূমি অফিস, বোয়ালমারী, ফরিদপুর। পিতা-মোঃ খালেক খান, সাং-হাবেলী গোপালপুর, ফরিদপুর সদর, ফরিদপুর।	

২. এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক মামলা রুজুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে মামলা রুজুর পর তদন্তকারী কর্মকর্তা নিয়োগের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


পরিচালক  
দুর্নীতি দমন কমিশন  
বিভাগীয় কার্যালয়, ঢাকা।

  
(শেখ ফাইয়াজ আলম)  
উপপরিচালক (অনু: ও তদন্ত-১)

স্মারক নং- ০০.০১.২৯০০.৬১৪.০১.০৪১.১৮/ ৪৬২১৫/১ (৩) তারিখ- ১১/১২/১৯

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা, মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য
৪. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ফরিদপুর।
৫. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. জনাব মোঃ আবু সাঈদ, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ফরিদপুর (অনুসন্ধানকারী কর্মকর্তা)।
৭. অফিস নথি।

  
(শেখ ফাইয়াজ আলম)  
উপপরিচালক (অনু: ও তদন্ত-১)